

কুরআনের শ্রেষ্ঠত্ব এবং রাতের (তাহাজ্জুদ) সালাতের মর্যাদা।

আস্‌সালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচ্য বিষয়: "কুরআনের শ্রেষ্ঠত্ব এবং রাতের (তাহাজ্জুদ) সালাতের মর্যাদা। "

পবিত্র কুরআনের ৭৩ নম্বর সূরা মুযযাম্মিল এর ৫ এবং ৬ নম্বর আয়াতে মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেছেন :

إِنَّا سَنُلْقِي عَلَيْكَ قَوْلًا ثَقِيلًا إِنَّ نَاشِئَةَ اللَّيْلِ هِيَ أَشَدُّ وَطْئًا وَأَقْوَمُ قِيلًا

-আমি অচিরেই আপনার প্রতি অবতীর্ণ করবো গুরুত্বপূর্ণ বাণী। নিশ্চই রাত্রিজাগরণ প্রবৃত্তি দমনে অধিক সহায়ক এবং উত্তম বাক্য প্রয়োগে অধিক অনুকূল।

গুরুভার বাণী আমল করতেও ভারী হবে এবং শ্রেষ্ঠত্ব ও বৃহত্তর কারণে অবতীর্ণ হওয়ার সময়ও খুবই কষ্টদায়ক হবে। হজরত আয়েশা (রাঃ) বলেন, আমি একবার রাসূল (সাঃ) কে এমন অবস্থায় দেখেছি যে, তার উপর ওহী অবতীর্ণ হচ্ছে, তখন শীতকাল ছিল। তা সত্ত্বেও তার কপাল বেয়ে টপ টপ করে ঘাম ঝরে পড়ছিলো। (ফাতদুল বারী ১/২৫)। এই গুরুভার ওহী আমল করার জন্য সমস্ত ফরজ কাজগুলো ঠিকঠাক মতো আদায় করার পর ও রাতের ইবাদাত অর্থাৎ তাহাজ্জুদ সালাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমস্ত রাতকেই **ناشئة** বলা হয়।

আল্লাহ আমাদেরকে সমস্ত ফরজ কাজ ঠিকঠাক মতো পালন করার পাশাপাশি তাহাজ্জুদ সালাত আদায় করার তৌফিক দান করুন।

আমিন

আস্‌সালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।